গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো
উপজেলা পরিসংখ্যান কার্যালয়
সাপাহার, নওগাঁ।
sapahar.naogaon.gov.bd

স্মারক নং- ৫২.০১.৬৪৮৬.০০০.১০.১৩২.২০-৩০ তারিখ:০৮/০১/২০২০ খ্রিঃ

## নিয়োগ বিজ্ঞপ্তি

বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো কর্তৃক বাস্তবায়নাধীন 'জনশুমারি ও গৃহগণনা ২০২১' এর লিস্টিং অপারেশন এবং মূলশুমারির গণনা কার্যক্রমে 'তালিকাকারী/গণনাকারী ও সুপারভাইজার' পদে নিয়োগের প্যানেল গঠনের লক্ষ্যে নিম্নবর্ণিত শর্তে শুধুমাত্র সাপাহার উপজেলায় স্থায়ীভাবে বসবাসকারী বেকার যুবক/যুব মহিলা এবং ছাত্র/ছাত্রীদের নিকট হতে দরখাস্ত আহবান করা যাচ্ছে।

| ক্র:নং | পদের নাম | প্রাপ্য ভাতাদি (টাকা) | প্রার্থীর শিক্ষাগত যোগ্যতা ও অন্যান্য যোগ্যতা |
|---|---|---|---|
| ০১) | সুপারভাইজার | প্রকল্পের বর্তমান ডিপিপির মোতাবেক সম্মানী ভাতা পাবেন। | ১) ন্যূনতম স্নাতক পাস হতে হবে।<br>২) নিজস্ব স্মার্টফোন থাকতে হবে এবং চালনায় দক্ষ হতে হবে।<br>৩) স্মার্টফোনের এন্ড্রয়েড ভার্সন ৬.০ বা তদূর্ধ্ব হতে হবে।<br>৪) স্মার্টফোনের স্ক্রীন সাইজ নূন্যতম ৫.০(পাঁচ) ইঞ্চি হতে হবে।<br>৫) সহজে বোধগম্য হাতের লেখার অধিকারী হতে হবে।<br>**৬) উপর্যুক্ত শর্তাবলী পূরণ সাপেক্ষে পূর্ববর্তী কোন শুমারিতে সুপারভাইজার হিসেবে কাজের অভিজ্ঞতা থাকলে অগ্রাধিকার দেয়া হবে।**<br>৭ ) ০১/০২/২০২০ তারিখে বয়স ২৩-৪০ বৎসরের মধ্যে হতে হবে। |
| ০২) | তালিকাকারী/গণনাকারী | প্রকল্পের বর্তমান ডিপিপির মোতাবেক সম্মানী ভাতা পাবেন। | ১) ন্যূনতম এইচএসসি/সমমান পাস হতে হবে।<br>২) নিজস্ব স্মার্টফোন থাকতে হবে এবং চালনায় দক্ষ হতে হবে।<br>৩) স্মার্টফোনের এন্ড্রয়েড ভার্সন ৬.০ বা তদূর্ধ্ব হতে হবে।<br>৪) স্মার্টফোনের স্ক্রীন সাইজ নূন্যতম ৫.০(পাঁচ) ইঞ্চি হতে হবে।<br>৫) সহজে বোধগম্য হাতের লেখার অধিকারী হতে হবে।<br>**৬) উপর্যুক্ত শর্তাবলী পূরণ সাপেক্ষে পূর্ববর্তী কোন শুমারিতে গণনাকারী হিসেবে কাজের অভিজ্ঞতা থাকলে অগ্রাধিকার দেয়া হবে।**<br>৭ ) ০১/০২/২০২০ তারিখে বয়স ১৮-৩৫ বৎসরের মধ্যে হতে হবে। |

**শর্তাবলী:**

১) উপজেলা পরিসংখ্যান কার্যালয়ের ওয়েবসাইট (sapahar.naogaon.gov.bd) থেকে ডাউনলোড করে আবেদনের নির্ধারিত ফরম সংগ্রহপূর্বক স্বহস্তে পূরণ করে আবেদন করতে হবে। এছাড়া আবেদনের নির্ধারিত ফরম জেলা পরিসংখ্যান কার্যালয়ের ওয়েবসাইট(bbs.naogaon.gov.bd) থেকেও সংগ্রহ করা যাবে।
২) লিস্টিং অপারেশন (ফেব্রুয়ারি/২০২০ মাসে) কার্যক্রমে প্রতি তালিকাকরী ১০(দশ) দিনে মোট ৪০০ (কম/বেশী)খানার তালিকা করবেন।

**৩) লিস্টিং অপারেশনে মোবাইল অ্যাপস ব্যবহারপূর্বক তথ্য সংগ্রহ করতে হবে বিধায় নিজস্ব স্মার্টফোন রয়েছে এবং স্মার্টফোন পরিচালনায় দক্ষতা আছে কেবল এমন প্রার্থীগণই আবেদন করতে পারবেন।**

৪) নিয়োগের অন্যান্য শর্তাবলী প্রতিপালন সাপেক্ষে মহিলা প্রার্থীগণকে অগ্রাধিকার প্রদান করা হবে।
৫) লিস্টিং অপারেশনে নিয়োজিত তালিকাকারী ও সুপারভাইজারগণের কার্যক্রম সন্তোষজনক মর্মে প্রতীয়মান হলে তারা মূল শুমারিতেও যথাক্রমে গণনাকারী এবং সুপারভাইজার হিসেবে দায়িত্ব পালন করবেন।
**৬) প্রার্থীকে সরকারী/বেসরকারী কোন প্রকল্পে যেমনঃ ন্যাশনাল সার্ভিস, স্কুল, কিন্ডার গার্ডেনে নিয়োজিত থাকা যাবে না।**
৭ ) ভূল বা অসম্পূর্ণ আবেদন ফরম বাতিল বলে গণ্য হবে। একজন ব্যক্তি একটিমাত্র পদে আবেদন করতে পারবেন।
৮) সকল পদের আবেদন ফরম বন্ধ **খামের উপর ডান পার্শ্বে পদের নাম এবং নিজ ইউনিয়নের নাম উল্লেখপূর্বক আগামী ১২/০১/২০২০ খ্রিঃ হতে ২০/০১/২০২০খ্রি:** তারিখের মধ্যে উপজেলা পরিসংখ্যান অফিসারের কার্যালয়ের নির্ধারিত বক্সে সরাসরি অফিস চলাকালীন সময়ের মধ্যে পৌঁছাতে হবে।
৯) প্রার্থীদের নির্বাচনী পরীক্ষায় (প্রযোজ্য ক্ষেত্রে) অংশগ্রহণের জন্য কোন প্রকার টিএ/ডিএ দেয়া হবে না।
১০) শুধুমাত্র লিস্টিং অপারেশনের জন্য চুড়ান্ত প্রার্থীদের তালিকা উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়ের নোটিশ বোর্ডে প্রকাশ করা হবে। এছাড়াও চুড়ান্ত তালিকা উপজেলা পরিসংখ্যান কার্যালয়ের ওয়েবসাইটেও প্রকাশ করা হবে।
১১) ইউনিয়ন ভিত্তিক লিখিত/মৌখিক পরীক্ষার তারিখ নোটিশ বোর্ডে প্রকাশ করা হবে।
১২) নির্বাচিত প্রার্থী প্রশিক্ষণে অনুপস্থিত থাকলে তিনি কাজ করতে আগ্রহী নন বলে গণ্য হবেন এবং তার নিয়োগ তাৎক্ষণিকভাবে বাতিল হয়ে যাবে।
১৩) আবেদন পত্রের সাথে নিম্নের সকল কাগজপত্র সত্যায়িত করে জমা দিতে হবে।

(ক) সদ্য তোলা পাসপোর্ট সাইজের- ০১ (এক) কপি ও স্ট্যাম্প সাইজের ০১ (এক) কপি ছবি।
(খ) জাতীয় পরিচয়পত্র (এন.আই.ডি.)- ০১ (এক) কপি ফটোকপি।
(গ) জতীয়তা/নাগরিকত্ব সনদপত্রের সত্যায়িত কপি।
(ঘ) শিক্ষাগত যোগ্যতার সত্যায়িত সনদ- ০১ (এক) কপি ফটোকপি।
(ঙ) পূর্ববর্তী শুমারীতে কাজের অভিজ্ঞতার স্বপক্ষে উপজেলা পরিসংখ্যান অফিস হতে প্রাপ্ত প্রত্যয়নপত্রের সত্যায়িত কপি।

**১৩) নিয়োগ সংক্রান্ত বিষয়ে এতদুদ্দেশ্যে গঠিত নিয়োগ কমিটির সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।**

08/01/2020
(কল্যাণ চৌধুরী)
উপজেলা নির্বাহী অফিসার
ও
সভাপতি
জনশুমারি ও গৃহগণনা ২০২১ এর
গণনাকারী ও সুপারভাইজার নির্বাচন কমিটি
সাপাহার, নওগাঁ।

# আবেদন ফরম

ফরম নং-_____________

(অফিস কর্তৃক পূরণীয়)

**পদের নাম: গণনাকারী** ☐ **সুপারভাইজার** ☐ (নির্দিষ্ট পদের উপরে টিক চিহ্ন দিন √)

**(শুধুমাত্র A4 সাইজ কাগজে প্রিন্ট করে প্রার্থী স্ব হস্তে পূরণ করুন)**

১. প্রার্থীর নাম : বাংলায় : ____________________
ইংরেজি বড় অক্ষরে : ____________________

২. পিতার নাম : বাংলায় : ____________________
ইংরেজি বড় অক্ষরে : ____________________

৩ মাতার নাম : বাংলায় : ____________________
ইংরেজি বড় অক্ষরে : ____________________

৪ বর্তমান ঠিকানা (ইংরেজি বড় অক্ষরে)
HOLDING NO: ____________________
VILLAGE : ____________________
POST : ____________________
UPAZILA : ____________________
DISTRICT : ____________________

৫ জাতীয় পরিচয় পত্রের নম্বর (ইংরেজিতে) : ____________________

৬. জন্ম তারিখ (ইংরেজিতে) : ____________________

৭ যে মৌজায় কাজ করতে আগ্রহী (সর্বোচ্চ ০২টি মৌজার নাম লিখুন) : ____________________

৮ শুমারি/জরিপ কাজে পূর্ব অভিজ্ঞতার বিবরণ (যদি থাকে) : ____________________

৯. মোবাইল নম্বর (ইংরেজিতে) : ____________________

১০ নিজস্ব স্মার্ট ফোন আছে কিনা? (বাম পার্শ্বে টিক চিহ্ন দিন) হ্যাঁ ☐ না ☐
উত্তর হ্যাঁ হলে
আপনার ফোনের Android Verson:........,
আপনার ফোনের স্ক্রীন সাইজ..............ইঞ্চি

১১ শিক্ষাগত যোগ্যতা :

| পরীক্ষার নাম | বিভাগ/বিষয় | প্রাপ্ত জিপিএ/শ্রেণি | পাশের সন | বোর্ড/বিশ্ববিদ্যালয় |
|---|---|---|---|---|
| | | | | |
| | | | | |
| | | | | |
| | | | | |

আমি এ মর্মে অঙ্গীকার করছি যে, ওপরে বর্ণিত তথ্যাবলি সম্পূর্ণ সত্য। কোন তথ্য অসত্য প্রমাণিত হলে আইনানুগ শাস্তি ভোগ করতে বাধ্য থাকব। আমি আরও অঙ্গীকার করছি যে, আবেদনকৃত পদে নির্বাচিত হলে আমার উপর অর্পিত দায়িত্ব নির্দেশনা মোতাবেক নিষ্ঠা ও সততার সাথে পালন করব।

তারিখঃ | | | 0 | 1 | 2 | 0 | 2 | 0 |

প্রার্থীর স্বাক্ষর ও তারিখ

সংযুক্তিসমূহঃ
ক) সকল শিক্ষাগত যোগ্যতার সনদপত্রের সত্যায়িত কপি।
খ) জাতীয় পরিচয়পত্রের সত্যায়িত কপি।
গ) সদ্য তোলা ০১ (এক) কপি পাসপোর্ট সাইজ (সত্যায়িত) ও ০১ (এক) কপি স্ট্যাম্প সাইজের ছবি।
ঘ) পূর্ববর্তী শুমারিতে কাজের অভিজ্ঞতার স্বপক্ষে উপজেলা পরিসংখ্যান অফিস হতে প্রাপ্ত প্রত্যয়নপত্রের সত্যায়িত কপি।

## প্রবেশপত্র

প্রার্থীর নামঃ.......................................... পিতা/স্বামীর নামঃ.......................................... রোলঃ......................... (অফিস কর্তৃক পূরণীয়)

পদের নামঃ...................... পরীক্ষার তারিখঃ........................সময়ঃ ................ ইউনিয়নের নাম:.....................................

কেন্দ্রের নামঃ .............................................................................

সদস্য সচিব
জনশুমারি ও গৃহগণনা ২০২১
নিয়োগ কমিটি।